

126

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
অপারেশন ও সমন্বয় শাখা
www.gsb.gov.bd

বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর এর সেপ্টেম্বর/২০১৮ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি	: মোঃ জিল্লুর রহমান চৌধুরী মহাপরিচালক, জিএসবি
তারিখ	: ২৫ সেপ্টেম্বর, ২০১৮
সময়	: বেলা ১২:০০ ঘটিকা
স্থান	: অধিদপ্তরের ৪র্থ তলার সভাকক্ষ
উপস্থিত সদস্য	: পরিশিষ্ট-ক

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম আরম্ভ করেন। সভার শুরুতেই মহাপরিচালক মহোদয় হাইড্রোকার্বন ইউনিট এ অনুষ্ঠিত “Status of Biogas Technology in Bangladesh” বিষয়ক সেমিনার নিয়ে আলোচনা করেন এবং গ্রিন এনার্জি বিশেষত রিনিয়ুয়েবল এনার্জির গুরুত্ব সকলের সামনে তুলে ধরেন।

সভার আলোচ্য সূচিসমূহ:

- বিগত ২৭-০৮-২০১৮ তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ।
- বিগত ২৭-০৮-২০১৮ তারিখের সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি ও নতুন বিষয়াদির পর্যালোচনা।

সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে পরিচালক (অপারেশন ও সমন্বয়) বিগত মাসের সমন্বয় সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করেন এবং উপস্থিত কর্মকর্তাগণ এর উপর আলোচনায় অংশগ্রহণ করেন। আলোচ্যসূচি অনুযায়ী নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্র. নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী শাখা
১	২	৩	৪
১	আইটি সংশ্লিষ্ট জনবল নিয়োগের অগ্রগতি বিষয়ে আলোচনা হয়। পরিচালক (অপাঃ) এ বিষয়ে দ্রুত ফাইল তোলা হবে বলে সভাকে অবহিত করেন। সভাপতি মহোদয় এ বিষয়ে প্রস্তাব প্রেরণের সময় বর্তমান সরকারের ডিজিটাল বাংলাদেশ ভিশন, অ্যাকসেস টু ইনফরমেশন ইত্যাদি বিষয়সমূহ বিবেচনায় রেখে যৌক্তিকভাবে মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করতে হবে।	ক) আইটি সংশ্লিষ্ট জনবল নিয়োগের প্রস্তাব প্রেরণের সময় বর্তমান সরকারের ডিজিটাল বাংলাদেশ ভিশন, অ্যাকসেস টু ইনফরমেশন ইত্যাদি বিষয়সমূহ বিবেচনায় রেখে যৌক্তিকভাবে মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করতে হবে। খ) জিএসবি'র বিদ্যমান সুযোগ-সুবিধা বর্ধিতকরণ করার বিষয়ে মন্ত্রণালয়ের সিস্টেম এনালিস্ট এবং প্রোগ্রামার সপ্তাহে ১দিন আসবে এবং জিএসবির বর্তমান অবস্থা সম্পর্কে জানিয়ে এ বিষয়ে সহায়তা করবে।	অপারেশন ও সমন্বয় শাখা এবং ইনোভেশন টিম
২	স্টাফ বাস ক্রয়ের বিষয়ে আলোচনায় উঠে আসে যে, বাসটির মালিকানা কাগজপত্রে ভুলবশত Survey of Bangladesh এর নামে রয়েছে যার কারণে টেন্ডারের সময় অনেক টেন্ডারার অনাগ্রহ প্রকাশ করেছে। সভাপতি মহোদয় এ বিষয়ে দ্রুত পদক্ষেপ নিতে বলেন। তিনি বলেন, জিএসবি'তে স্টাফের সংখ্যা অনেক এবং বিভিন্ন সরকারি অফিসেও স্টাফ বাসের ব্যবহার রয়েছে। তিনি বাসটি দ্রুত dispose করার ব্যবস্থা নিতে পরিবহন কর্মকর্তা কে নির্দেশ প্রদান করেন।	গ) পুরাতন বাসটি dispose করে নতুন স্টাফ বাস ক্রয়ের প্রক্রিয়া শুরু করতে হবে।	অপারেশন ও সমন্বয়

১	২	৩	৪
৩	<p>ড্রিলিং পয়েন্ট নির্ধারণের কাজ বছরের শুরুতেই করার বিষয়ে আলোচনায় বলা হয় ড্রিলিং পয়েন্ট দেয়ার বিষয়টি অনেকগুলো factor এর উপর নির্ভরশীল। এছাড়া বিভিন্ন শাখার বহিরঙ্গণ কর্মসূচি শুরু হয় মূলত শীতকালে। ভূপদার্থিক শাখাসমূহের survey ও analysis সম্পন্ন করার পরেই ড্রিলিং পয়েন্ট দেয়া সম্ভব। বছরের শুরুতে যা দেয়ার সুযোগ নেই। সভাপতি মহোদয় প্রত্যেকটি ধাপ সম্পন্ন করার পরই ড্রিলিং পয়েন্ট দেয়ার উপর গুরুত্বারোপ করেন। তিনি বলেন, খনিজ সম্পদ আবিষ্কার ও এ সংক্রান্ত গবেষণা জিএসবি'র মূল কাজ। আর্থিক বরাদ্দ এ সংশ্লিষ্ট শাখাগুলোয় বেশি হবে। যারা কাজ করবে তাদের সুযোগ সুবিধাও বৃদ্ধি করতে হবে। বহিরঙ্গণ কর্মসূচি চলার সময় শাখা প্রধানদের কর্মসূচি পরিদর্শন করা উচিত বলে তিনি মনে করেন।</p>	<p>ঘ) প্রত্যেকটি ধাপ যথাযথভাবে সম্পন্ন করার পর প্রাপ্ত ফলাফলের ভিত্তিতে (prospective হলে) ড্রিলিং কার্যক্রম শুরু করতে হবে। ঙ) যেসকল শাখার কার্যক্রম অধিক গুরুত্বপূর্ণ/ আবিষ্কার সংশ্লিষ্ট তাদের আর্থিক বরাদ্দ বেশি দিতে হবে।</p>	<p>খনিজ সম্পদ আবিষ্কার/ গবেষণা সংশ্লিষ্ট শাখা সমূহ</p>
৪	<p>বগুড়া ক্যাম্প অফিস আঞ্চলিক অফিসে উন্নীতকরণের আলোচনায় প্রয়োজনীয় পদক্ষেপ নেয়া হচ্ছে বলে পরিচালক (অপাঃ) সভাকে জানান। সভাপতি মহোদয় এ পর্যায়ে মেরামত সংক্রান্ত আলোচনা শুরু করেন এবং ২০১৮-২০১৯ আর্থিক বাজেট অফিসের ভবন মেরামতের জন্য ৩১ লক্ষ টাকা বরাদ্দ আছে বলে জানতে পারেন। তিনি এ প্রতিষ্ঠানকে আকর্ষণীয় করার জন্য যা যা মেরামত প্রয়োজন তা করা হবে বলে জানান এবং প্রয়োজনে বরাদ্দ বৃদ্ধির চেষ্টা করবেন বলেও জানান। সম্মেলনকক্ষ ও এর সাথের ওয়াসরুম'টির আধুনিকায়নের প্রয়োজন বলে আলোচকরা মত প্রদান করেন। সভাপতি মহোদয় মেরামতের প্রয়োজন আছে এমন সবকিছুর তালিকা তাকে দিতে বলেন। মেরামতের পূর্বের ও পরের অবস্থার ছবি রাখার জন্যও তিনি বলেন। এছাড়াও সভাপতি মহোদয় জিএসবি'র জন্য অনুদানের মাধ্যমে একটি নতুন মসজিদ তৈরি করার ব্যবস্থা নিবেন বলে জানান।</p>	<p>চ) প্রয়োজনীয় মেরামত করে জিএসবি'কে আকর্ষণীয় করা হবে (মেরামতের তালিকা দ্রুত মহাপরিচালক মহোদয়কে দিতে হবে)। ছ) প্রয়োজনীয়তা সাপেক্ষে বগুড়া ক্যাম্প অফিসের মেরামতের ব্যবস্থা নেয়া হবে।</p>	<p>অপারেশন ও সমন্বয়</p>
৫	<p>চট্টগ্রাম ও খুলনায় অবস্থিত জিএসবি'র জমি রেজিস্ট্রেশন সংক্রান্ত আলোচনায় চট্টগ্রামের জমির বর্তমান অবস্থা সম্পর্কে জানতে চাওয়া হয়। পরিচালক (অপাঃ) চট্টগ্রামের জমির বরাদ্দ কেন বাতিল করা হবেনা এ বিষয়ে জাতীয় গৃহায়ণ কতৃপক্ষের চিঠির জবাব দেয়া হয়েছে বলে জানান। এ বিষয়ে সভাপতি মহোদয় ব্যক্তিগতভাবে জাতীয় গৃহায়ণ কতৃপক্ষের চেয়ারম্যান মহোদয়ের সাথে সাক্ষাৎ করে জমি পুনরুদ্ধার ও রেজিস্ট্রেশন সংক্রান্ত বিষয় নিয়ে আলাপ করবেন বলে জানান। এ আলাপের সময় পরিচালক (অপাঃ) ও জনাব নুরুল হক (উপ-পরিচালক) তার সাথে থাকবেন। এ সময় জানান হয় যে, বগুড়া ছাড়া জিএসবি'র কোন জমিই রেজিস্ট্রেশন করা হয়নি। এ প্রেক্ষিতে সভাপতি মহোদয় সকল জমির বর্তমান অবস্থার বিবরণ (কেবে ও কিভাবে পেলাম, খাজনা কার নামে, কার সাথে যোগাযোগ করতে হবে, করণীয় ইত্যাদি) সম্বলিত একটি ছক দ্রুত তার নিকট পেশ করতে বলেন।</p>	<p>জ) মহাপরিচালক মহোদয় ব্যক্তিগতভাবে জাতীয় গৃহায়ণ কতৃপক্ষের চেয়ারম্যান মহোদয়ের সাথে সাক্ষাৎ করে জমি পুনরুদ্ধার ও রেজিস্ট্রেশন সংক্রান্ত বিষয়ে পরবর্তী ব্যবস্থা নিবেন। ঝ) সকল জমির বর্তমান অবস্থার বিবরণ (কেবে ও কিভাবে পেলাম, খাজনা কার নামে, কার সাথে যোগাযোগ করতে হবে, করণীয় ইত্যাদি) সম্বলিত একটি ছক দ্রুত মহাপরিচালক মহোদয়ের নিকট পেশ করতে হবে।</p>	<p>অপারেশন ও সমন্বয়</p>

1316

পাতা-৩

১	২	৩	৪
৬	<p>প্রতিটি শাখার কাজের উন্নতির জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সাথে সাথে দ্রুত সিদ্ধান্ত বাস্তবায়ন করতে হবে। এসময় জানানো হয় অনেক প্রয়োজনীয় বৈজ্ঞানিক যন্ত্রাংশ মেরামতের অভাবে অকেজো হয়ে আছে এবং অনেক গুরুত্বপূর্ণ কাজ করা যাচ্ছেনা। জিএসবি'র বৈজ্ঞানিক যন্ত্রাংশ মেরামতের জন্য আলাদা বরাদ্দ রয়েছে কিন্তু তা দিয়ে কিছু মেশিন (বিশেষত: XRD ও XRF) মেরামত সম্ভব নয়। এছাড়াও এসময় মেরামতে অবহেলার কারণে কিছু মেশিনের মেরামত খরচ অনেকগুণ বৃদ্ধি পেয়েছে বলেও প্রতীয়মান হয়। এ প্রেক্ষিতে সভাপতি মহোদয় ডিসিপ্লিন ভিত্তিক বৈজ্ঞানিক যন্ত্রাংশ মেরামতের একটি তালিকা (ক্রয় মূল্য, কেনার তারিখ, কি সমস্যা, প্রাথমিকভাবে কি পরিমাণ খরচ লাগত মেরামত করতে, বর্তমানে কত লাগবে ইত্যাদি সম্বলিত) তাকে দিতে বলেন এবং এ বিষয়ে তিনি সচিব মহোদয়ের সাথে আলাপ করবেন বলে জানান।</p>	<p>এ) ডিসিপ্লিন ভিত্তিক বৈজ্ঞানিক যন্ত্রাংশ মেরামতের তালিকা ছক আকারে (মূল্য, কেনার তারিখ, কি সমস্যা, প্রাথমিকভাবে কত লাগত মেরামত করতে, বর্তমানে কত লাগবে ইত্যাদি সম্বলিত) দ্রুত মহাপরিচালক মহোদয়ের নিকট পেশ করতে হবে। ট) পরিচালক (অপারেশন), পরিচালক (বৈশ্লেষিক রসায়ন) ও সংগ্রহণ কর্মকর্তা মেরামতের ফাইল সহ মহাপরিচালক মহোদয়ের সাথে সাক্ষাৎ করবেন।</p>	<p>স্ব-স্ব শাখা মেরামতের তালিকা করে অপারেশন ও সমন্বয় শাখায় দিবে।</p>
৭	<p>চট্টগ্রামে অবস্থিত জিএসবি'র জমি সরকারি কাজে ব্যবহারের জন্য মাল্টি পারপাস প্ল্যান সহ ডিপিপি প্রণয়ন করতে হবে। এ প্রকল্পের প্রস্তাব যা ইতোমধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে তা ফেরত আনা ও এটি ৫০ থেকে ১০০ বছরের পর আমরা আমাদের কর্মকাণ্ড কোন জায়গায় দেখতে চাই এরকম একটি ভিশন সহ পুনরায় প্রেরণের বিষয়ে আলোচনা হয়। সভাপতি মহোদয় জানান যে সচিব মহোদয় চট্টগ্রামের প্রকল্পের ব্যপারে আগ্রহী। সেখানে জিএসবি'র আঞ্চলিক কর্মকাণ্ড বিশেষত উপকূলীয় দুর্যোগ প্রশমন ও সামুদ্রিক খনিজ সম্পদ গবেষণার পাশাপাশি এর থেকে জিএসবি'র অর্থ আয়ও করা সম্ভব।</p>	<p>ঠ) চট্টগ্রামে অবস্থিত জিএসবি'র জমির প্রকল্পের প্রস্তাব যা ইতোমধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে তা ফেরত আনতে হবে। ড) ৫০ থেকে ১০০ বছরের পর আমরা আমাদের কর্মকাণ্ড কোন জায়গায় দেখতে চাই এরকম একটি ভিশন ও মাল্টি পারপাস প্ল্যান সহ পুনরায় ডিপিপি প্রণয়ন করে প্রেরণ করতে হবে।</p>	<p>পরিকল্পনা ও বাস্তবায়ন</p>
৮	<p>নতুন একটি মাইক্রোবাস ক্রয়ের বিষয়ে আলোচনায় কর্মকর্তাদের অফিসে যাতায়াতের অসুবিধার বিষয়টি উঠে আসে। সভায় জানানো হয় যে প্রাধিকারভুক্ত কোনও গাড়ি কর্মকর্তাদের নেই। সকল গাড়ি বহিরঙ্গণ কর্মসূচির জন্য কেনা হয়েছে। সভাপতি মহোদয় অনুমতি নেয়া সাপেক্ষে এ সকল গাড়ি ব্যবহার করতে হবে বলে জানান। নয়তো সবসময় ফুয়েল খরচ সংক্রান্ত জটিলতা থাকবে। অফিসের গাড়ি শাটল হিসেবে ব্যবহার করা যাবে এরকম কোনও প্রজ্ঞাপন আছে কিনা সভাপতি মহোদয় তা জানতে চান। শাখা প্রধানরা এ বিষয়ের একটি স্থায়ী সমাধান করার দাবি জানান। এ সময় সভাপতি মহোদয় কর্মকর্তাদের যাতায়াতের পাশাপাশি সিনিয়র পরিচালকদের জন্য একক গাড়ির বন্দোবস্তের উপরও জোর দেন।</p>	<p>ঢ) কর্মকর্তাদের যাতায়াতের জন্য গাড়ি শাটল হিসেবে ব্যবহারের অনুমোদন নিতে হবে। গ) গাড়ি শাটল হিসেবে ব্যবহার করা যাবে এরকম কোনও প্রজ্ঞাপন থাকলে তা মহাপরিচালক মহোদয় বরাবর পেশ করতে হবে।</p>	<p>অপারেশন ও সমন্বয়</p>
৯	<p>এরিয়াল ফটোগ্রাফ স্ক্যান করার ব্যাপারে সভাকে জানানো হয় ভুলবশত এ বিষয়টি এসেছে। আসলে বিষয়টি হবে ভূ-বৈজ্ঞানিক ডাটা আর্কাইভিং এর জন্য স্ক্যান এর ব্যবস্থা গ্রহণ করা। আইনগতভাবে এরিয়াল ফটোগ্রাফ স্ক্যান করার বিষয়ে নিষেধাজ্ঞা রয়েছে।</p>	<p>ত) এরিয়াল ফটোগ্রাফ স্ক্যান সংক্রান্ত আলোচনা বাতিল করে ভূ-বৈজ্ঞানিক ডাটা আর্কাইভিং এর জন্য ব্যবস্থা নিতে হবে।</p>	<p>সংশ্লিষ্ট শাখাসমূহ</p>

১	২	৩	৪
১০	প্রকল্পের আওতায় ক্রয়কৃত সরঞ্জামাদি টিওএন্ডই-তে অন্তর্ভুক্ত করার আলোচনায় জানানো হয় রাজস্ব খাত থেকে এ সকল বৈজ্ঞানিক যন্ত্রাংশ মেরামতের সুযোগ নেই। মেরামতের ব্যবস্থা না থাকার কারণে অনেক মূল্যবান বৈজ্ঞানিক যন্ত্রাংশ মেরামত করা যাচ্ছেনা। প্রকল্প শেষ হওয়ার পর সকল বৈজ্ঞানিক যন্ত্রাংশ জিএসবি'র অন্তর্ভুক্ত হবে একথা ডিপিপি'তে উল্লেখ থাকে। কিন্তু সভাপতি মহোদয় প্রকল্পের মূল্যবান বৈজ্ঞানিক যন্ত্রাংশ টিওএন্ডই-তে অন্তর্ভুক্ত করে রাজস্ব খাতে নেয়ার বিষয়টি ডিপিপি'তে উল্লেখের প্রয়োজন বলে মত দেন। এছাড়াও পূর্বের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তারা বৈজ্ঞানিক যন্ত্রাংশগুলো কার্যক্রম রাখার প্রয়োজনীয় ব্যবস্থা কেন গ্রহণ করেননি সে বিষয়েও তিনি জানতে চান।	খ) প্রকল্পের মূল্যবান বৈজ্ঞানিক যন্ত্রাংশ টিওএন্ডই-তে অন্তর্ভুক্ত করে রাজস্ব খাতে নেয়ার বিষয়ে পদক্ষেপ নিতে হবে।	অপারেশন ও সমন্বয়
১১	বিদ্যুৎ ব্যবহারে সশ্রমী হওয়া বিষয়টিসহ উত্তম চর্চার বিষয়গুলো দূত সার্কুলেট করার উপর সভাপতি জোর দেন এবং এ বিষয়টি নিয়ে যাতে পরবর্তী সভায় পুনরায় আলোচনা করার প্রয়োজন না হয় সে বিষয়ে সতর্ক করেন।	দ) বিদ্যুৎ ব্যবহারে সশ্রমী হওয়া বিষয়টিসহ উত্তম চর্চার বিষয়গুলো দূত সার্কুলেট করতে হবে।	শুদ্ধাচার কমিটি
১২	ইতোপূর্বে মন্ত্রণালয়ে প্রেরিত প্রস্তাবিত প্রকল্প ও পিপিএনবি'র উপর আলোচনায় জানানো হয় ৩টি পিপিএনবি প্রশাসনিক মন্ত্রণালয় হয়ে বর্তমানে অর্থ মন্ত্রণালয়ে আছে। সভাপতি মহোদয় ফাইলগুলো সম্পর্কে খোঁজ নিয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের আশ্বাস দেন।	ঘ) ৩টি পিপিএনবি'র ফাইলগুলো সম্পর্কে খোঁজ নিয়ে মহাপরিচালক মহোদয় প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন।	পরিকল্পনা ও বাস্তবায়ন
১৩	বিবিধঃ ক) বিগত বছরের বহিরঞ্জন কর্মসূচির রিপোর্ট ও চলমান বছরের বিভিন্ন শাখার প্রস্তাবিত বহিরঞ্জন কার্যাবলী সম্পর্কে আলোচনা থাকলে মহাপরিচালক মহোদয় শাখা প্রধানগণকে তার দপ্তরে সাক্ষাৎ করতে বলেন। খ) জার্মানি ও চীনে বৈদেশিক ভ্রমণ/প্রশিক্ষণের জন্য কর্মকর্তা মনোনয়নের ব্যাপারে সভাপতি মহোদয় নির্দেশনা প্রদান করেন। তিনি মনোনয়নের সময় যারা ঐ বিষয়ে দক্ষ, সংশ্লিষ্ট কাজের সাথে যুক্ত এবং পূর্বে বঞ্চিত হয়েছেন এ বিষয়গুলো বিবেচনায় রেখে মনোনয়ন দিতে বলেন।	ন) বিদেশে কর্মকর্তাদের মনোনয়নের সময় যারা ঐ বিষয়ে দক্ষ, সংশ্লিষ্ট কাজের সাথে যুক্ত এবং পূর্বে বঞ্চিত হয়েছেন এ বিষয়গুলো বিবেচনায় রেখে মনোনয়ন দিতে হবে।	পরিকল্পনা ও বাস্তবায়ন এবং মনোনয়ন কমিটি

সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/

০৪-১০-২০১৮ খ্রিঃ

(মোঃ জিল্লুর রহমান চৌধুরী)

মহাপরিচালক

তারিখঃ ০৬/১০/২০১৮ খ্রি.।

নং-২৮.০৫.০০০০.০০৪.০১.০৪৪.১৮/ ৬৪২৬

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল:-

১। সচিব, জালালি ও খনিজ সম্পদ বিভাগ, বিদ্যুৎ, জালালি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়।

২। শাখা প্রধান /প্রকল্প পরিচালক / সেল প্রধান -----জিএসবি, ঢাকা।

৩। সভাপতি, ইনোভেশন টিম (জিএসবি'র ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ), জিএসবি, ঢাকা।

৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জিএসবি, ঢাকা।

(মোঃ নুসরতিন সরকার)
পরিচালক (অপারেশন ও সমন্বয়)